



পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

মিরপুর-১৪, ঢাকা-১২১৬

ভর্তি বিজ্ঞপ্তি

## Post Graduate Diploma in Security Management (PGDSM)

### পিজিডি প্রোগ্রামের উদ্দেশ্য

- নিরাপত্তা ব্যবস্থাপনার তাত্ত্বিক ও ব্যবহারিক উপাদানগুলো সম্পর্কে সম্যক ধারণা প্রদান।
- নিরাপত্তা ব্যবস্থাপনায় বেসরকারী অংশীজনের অগ্রহণের সুযোগ সৃষ্টি করা।
- সরকারী/বেসরকারী নিরাপত্তার ক্ষেত্রে পেশাদার নেতৃত্বের বিকাশ সাধন।
- ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক ও শিল্প নিরাপত্তার ক্ষেত্রে যোগ্য এবং পেশাদার জনবল সৃষ্টির মাধ্যমে টেকসই নিরাপত্তা সেক্টরের উন্নয়নে সহায়তা করা।

আবেদনের সময়কাল: ১৫ ফেব্রুয়ারি ২০২৪

ক্লাস শুরু সময়কাল: ফেব্রুয়ারি ২০২৪

### প্রত্যাশিত ফলাফল

- ✓ সরকারি-বেসরকারী অংশীজনের সমন্বয়ে ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক, শিল্প এবং জাতীয় পর্যায়ে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গড়ে উঠবে।
- ✓ বিপদ এবং জরুরী পরিস্থিতি (অগ্নি দুর্ঘটনাসহ) মোকাবেলায় দক্ষতা সৃষ্টি হবে।
- ✓ গুরুত্বপূর্ণ সরকারী/বেসরকারী অবকাঠামোর নিরাপত্তা সক্ষমতা বৃদ্ধি পাবে।

### গুরুত্বপূর্ণ তথ্য:

কোর্সটির সময়কাল: ১০মাস/০২ সেমিস্টার

সর্বমোট ক্রেডিট: ৪০

ক্লাসের সময়: শুক্রবার ও শনিবার

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী এবং ভর্তির ফরম [www.psc.gov.bd](http://www.psc.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। ভর্তি ফরম জমা দানের শেষ সময় ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ (বিকাল ৪টা পর্যন্ত)। বাছাইকৃত আবেদনকারীদের যথাসময়ে ভর্তি পরীক্ষার তারিখ জানিয়ে দেয়া হবে।

### যোগাযোগ:

একাডেমিক সেকশন, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর- ০১৭১১৩০৫২০৬, ০১৩২০২১৬২১৩  
ই-মেইল- [macpm.psc@gmail.com](mailto:macpm.psc@gmail.com)

পরিচালক (একাডেমিক)

পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-এ ২০২২-২৩ শিক্ষাবর্ষে Post Graduate Diploma in Security Management (PGDSM) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো :-

১। ভর্তির যোগ্যতা :

- (ক) পুলিশ পরিদর্শক এবং তদুর্ধ্ব কর্মকর্তা এবং নন-পুলিশ কর্মকর্তা যাদের ৩ বছরের চাকুরির অভিজ্ঞতা রয়েছে অথবা  
(খ) মাস্টার্স ডিগ্রী অথবা ৩ বছরের স্নাতক ডিগ্রী;

২। আবেদনের নিয়ম :

পুলিশ স্টাফ কলেজের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

- ক) এস.এস.সি/সমমান হতে স্নাতক (সম্মান)/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;  
খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের মাইগ্রেশন সনদের মূল কপি;  
গ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;  
ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;  
ঙ) পুলিশ প্রার্থীদের পদমর্যাদার প্রমাণপত্র (আইডি বিপি নম্বরসহ);  
চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি;

বিঃ দ্রঃ প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

৩। ফিসের বিবরণ :

আবেদন ফরম জমাদানের সময় আবেদন ফি বাবদ ২০০০/- প্রদান করতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ :

(ক) ভর্তির ফরম [www.psc.gov.bd](http://www.psc.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তি ফরম জমা দানের শেষ সময় ১৫ ফেব্রুয়ারি ২০২৪ (বিকাল ৪টা পর্যন্ত)

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিলম্বে ভর্তির কোন প্রকার আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৫। পুলিশ কর্মকর্তাদের জন্য করণীয়:

- ক. এএসপি ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ নির্ধারিত আবেদনপত্রের সাথে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনের ছক পূরণ করে স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর পার্সোনেল ম্যানেজমেন্ট-১ শাখায় প্রেরণ করবেন। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের জন্য পুলিশ হেডকোয়ার্টার্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।  
খ. পুলিশ পরিদর্শকদের আবেদনপত্র স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর পার্সোনেল ম্যানেজমেন্ট-২ শাখায় প্রেরণ করতে হবে।  
গ. সকল ক্ষেত্রে অগ্রগামী কপি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ অবশ্যই জমা দিতে হবে।

কোর্সটির সময়কাল: ১০ মাস/ ০২ সেমিস্টার	আবেদনের সময়কাল: ১৫ ফেব্রুয়ারি ২০২৪
সর্বমোট ক্রেডিট: ৪০	প্রাথমিক ফলাফল প্রকাশ: বাছাইকৃত আবেদনকারীদের এসএমএস এর মাধ্যমে ভর্তি পরীক্ষার তারিখ ও সময় জানানো হবে।
ক্রাসের সময়: শুক্রবার ও শনিবার	ক্রাস শুরুর তারিখ: ফেব্রুয়ারি ২০২৪

৬। যোগাযোগ :

একাডেমিক সেকশন, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর- ০১৭১১৩০৫২০৬, ০১৩২০২১৬২১৩ ই-মেইল- [macpm.psc@gmail.com](mailto:macpm.psc@gmail.com) ওয়েবসাইট: [www.psc.gov.bd](http://www.psc.gov.bd)

পরিচালক (একাডেমিক)  
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ